

কুইজ (বাংলা) প্রতিযোগিতার নিয়মাবলি ও নোটিশ

এতদ্বারা কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, দৌলতপুর, খুলনা এর সংশ্লিষ্ট সকল ছাত্র-ছাত্রীকে জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠানে প্রথম বারের মত অনুষ্ঠিত হতে যাচ্ছে চাকুরীর পরীক্ষার আদলে এবং সম্পূর্ণ সচ্ছতার সাথে কুইজ প্রতিযোগিতা। এক্সট্রা কারিকুলামের অংশ হিসেবে ও একাডেমিক কার্যক্রমকে কোনপ্রকার বিঘ্নিত না করে আয়োজিত হবে কুইজ পরীক্ষাটি।

পরীক্ষার রেজিস্ট্রেশন ফি ২০/- (বিশ টাকা মাত্র)


রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার শেষ সময়: ১৮/০১/২৪ খ্রি.

(ফি জমা দিতে হবে ক্লাস সিআর এর নিকট)।

কুইজ পরীক্ষার তারিখ ২৪/০১/২০২৪খ্রি. বুধবার, সকাল ৯.২০ ঘটিকা।

নিয়মাবলি-

- ১। ৯টা থেকে ৯.১০ মিনিটের মধ্যে অবশ্যই নির্ধারিত আসন গ্রহন করতে হবে।
 - ২। আসন বিন্যাস ও একটি নমুনা উত্তরপত্র নোটিশ বোর্ডসহ দৃশ্যমান স্থানে প্রদর্শিত হবে।
 - ৩। পরীক্ষা কক্ষে সর্বশেষ পর্বসমাপনী পরীক্ষার এডমিট কার্ড ও কুইজ প্রতিযোগিতার এডমিট কার্ড এবং কালো বলপেন ছাড়া কিছুই সাথে আনা যাবে না।
 - ৪। পরীক্ষা হবে এমসিকিউ পদ্ধতিতে এবং উত্তরের জন্য আলাদা ওএমআর সিট দেয়া হবে।
 - ৫। প্রশ্নপত্র বিতরণের পূর্বেই ওএমআর সিটের রোল নম্বর ও সিট নম্বরসহ প্রয়োজনীয় তথ্য পূরণ করতে হবে।
 - ৬। পরীক্ষার মোট নম্বর ৫০ এবং মোট সময় ৩০ মিনিট।
 - ৭। কক্ষ পরিদর্শকগণ যেকোন রকম অসদুপায় অবলম্বনকারী পরীক্ষার্থীকে নিরব বহিষ্কার বা তাৎক্ষণিক বহিষ্কার করার ক্ষমতা রাখেন।
 - ৮। পরীক্ষা শেষে কক্ষ পরিদর্শকগণ উত্তরপত্র (ওএমআর ফর্ম) সংগ্রহ করবেন এবং তার পূর্বে কোন পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করতে পারবে না।
- সকল পরীক্ষার্থীকে এমন বিশেষ পরীক্ষায় অংশ গ্রহনের জন্য অভিনন্দন ও শুভকামনা।


অধ্যক্ষ ০২.০১.২৪

কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট
দৌলতপুর, খুলনা

১ম কুইজ (বিষয়: বাংলা) প্রতিযোগিতার সাজেশন

এটিআই, দৌলতপুর, খুলনা

| নং | বিষয় | নমুনা প্রশ্ন | নমুনা উত্তর |
|----|----------------------------------|--|----------------------------------|
| ১ | বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ | বাংলা ভাষার উৎপত্তি হয়েছে | মাগধী প্রাকৃত হতে |
| ২ | মুক্তিযুদ্ধ ভিত্তিক সাহিত্য | “আমি বীরঙ্গনা বলছি” কার লেখা | ড. নীলিমা ইব্রাহিম |
| ৩ | সাহিত্যিকদের ছদ্মনাম | “মৌমাছি” কার ছদ্ম নাম | বিমল ঘোষ |
| ৪ | বিখ্যাত উক্তি ও ছন্দ | “বনেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে” কার উক্তি ? | সঞ্জীব চন্দ্র চট্টপাধ্যায় |
| ৫ | বিখ্যাত গ্রন্থ/সাহিত্যকর্ম | “কৃষ্ণ কুমারী” নাটক কার লেখা? | মাইকেল মধুসূদন দত্ত |
| ৬ | বাংলা ভাষা | তৎসম শব্দের ব্যবহার কোনরীতিতে বেশি হয়? | সাধু রীতি |
| ৭ | ধ্বনি ও বর্ণ | ব্যঞ্জন বর্ণের মাত্রাহীন বর্ণ কয়টি? | ৬ টি |
| ৮ | ণ-ত্ব ও ষ-ত্ব বিধান | কোনটি শুদ্ধ বানান? | লুষ্ঠন, দন্ড, কন্টক , স্পন্দন |
| ৯ | লিঙ্গ | কোনটি পত্নী অর্থে স্ত্রীবাচক শব্দ? | ছাত্রী, সৎমা, আয়া, দাদী |
| ১০ | সন্ধি | “রূপালি” এর সন্ধি বিচ্ছেদ কি? | রূপা/রূপ+আলি |
| ১১ | সমাস | ব্যাস বাক্যের অপর নাম কি? | বিগ্রহ বাক্য |
| ১২ | কারক বিভক্তি | আমাকে যেতে হবে- “আমাকে” কোন কারক | কর্তৃকারকে দ্বিতীয়া |
| ১৩ | শব্দ | কোন শব্দের বিশ্লেষণ করা যায় না? | মৌলিক শব্দ |
| ১৪ | সমার্থক শব্দ | “পাবক” কার সমার্থক শব্দ? | আগুন |
| ১৫ | বিপরিত শব্দ | “অনন্ত” এর বিপরিত শব্দ কি? | সান্ত |
| ১৬ | পরিভাষা | উদজান্ কার পরিভাষা | হাইড্রজেন |
| ১৭ | পদ প্রকরণ | কোনটি সর্বনাম পদ? | পড়া, যদি, লাল, সে |
| ১৮ | বাক্য | “তিনি সৎ কিন্তু কৃপণ” কেমন বাক্য? | যৌগিক বাক্য |
| ১৯ | বাচ্য | তোমার কখন আসা হলো? কোন বাচ্য | ভাব বাচ্য |
| ২০ | বানান শুদ্ধিকরণ | কোনটি শুদ্ধ? | দ্বন্দ্ব, দন্দ্ব, দন্দ |
| ২১ | বাগধারা ও প্রবাদ | “একাদশে বৃহস্পতি” অর্থ কি? | সুসময় |
| ২২ | এক কথায় প্রকাশ | অনেকের মধ্যে একজন | অন্যতম |

বি.দ্র: কুইজ প্রতিযোগিতায় প্রশ্ন থাকবে ৫০ টি। সময়-৩০মি.। পরীক্ষার সম্ভাব্য তারিখ-২৪/০১/২০১৬।